# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩২. মোচ খাটো করবে, নাকি কামিয়ে ফেলবে?

সুন্নাত হলো খাটো করা, কামানো নয়। মোচ লম্বা করে রাখা যেমন জায়েয নেই, তেমনই ব্লেড দিয়ে তা কামিয়ে ফেলাও মাকরূহ।

এ বিষয়ে ক'টি হাদীস নিম্নে প্রদত্ত হলো:

১. ইবনে আব্বাস (রা) বলেছেন, “নবী (স) তাঁর মোচ কেটে বা খাটো করে নিতেন এবং (তাঁর পূর্ববর্তী যামানার আরেকজন নবী) ইবরাহীম খলীলুর রহমানও একই কাজ করতেন।” (তিরমিযী)
২. ইবনে উমর (রা) বর্ণিত অপর এক হাদীসে আছে নবী করীম (স) বলেছেন,

“মোচ খাটো করে নাও এবং দাড়ি লম্বা কর।” (বুখারী ও মুসলিম) অন্য রেওয়াতে আছে, “মোচ একেবারে ছেটে ফেল।” । অপর এক বর্ণনায় এসেছে, ‘একেবারে গোড়া থেকে মোচ কেটে ফেল। অপরদিকে উমর ইবনে আবদুল আযীযসহ একদল সাহাবা তাদের মোচ ছোট করে রাখতেন, কিন্তু অত্যন্ত বেশি খাটো করতেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12765

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন